# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন** **বিষয় কোড : ১ ০ ২**

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** ১০

(ক) বই পড়া।

(খ) পরিবেশ দূষণ।

**২. যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** ১০

(ক) তোমার এলাকার ' ডেঙ্গু জ্বরের' প্রতিকারের আবেদন জানিয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে চিঠি লেখো।

অথবা, (খ) বিদ্যালয়ে শেষ দিনের মানসিক অবস্থা জানিয়ে তোমার বন্ধুর নিকট একখানা পত্র লেখো।

**৩. সারাংশ লেখো:** ১০

(ক) আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ডবেগে শুধু আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে সেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়ি না খুঁজলেই নয়। উঠবার সিঁড়িটা না খুঁজে পেলে আমাদের আত্মবিনাশ যে অনিবার্য তাতে আর কোনো সন্দেহ থাকে না।

Teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) পরের মুখে শেখা বুলি পাখির মত কেন বলিস?
পরের ভঙ্গি নকল করে নটের মত কেন চলিস?
তোর নিজত্ব সর্বাঙ্গে তোর দিলেন বিধাতা আপন হাতে,
মুছে সেটুকু বাজে হলি, গৌরব কি বাড়ল তাতে?
আপনারে যে ভেঙ্গে চুরে গড়তে চায় পরের ছাঁচে,
অলীক, ফাঁকি, মেকি সেজে, নামটা তার কদিন বাঁচে?
পরের চুরি ছেড়ে দিয়ে আপন মাঝে ডুবে যারে,
খাঁটি ধন যা সেথায় পাবি, আর কোথাও পাবি নারে।

**৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** ১০

(ক) ভোগে নয়, ত্যাগেই প্রকৃত সুখ।

(খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা তারে যেন তৃণ সমদহে।

**৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** ১০

(ক) 'আইন-শৃঙ্খলা পরিস্থিতি' এই শিরোনামে সংবাদপত্রে প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

(খ) তোমার বিদ্যালয়ে 'বিজ্ঞান মেলা' উদ্‌যাপন উপলক্ষ্যে একটি প্রতিবেদন করো।

**৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** ২০

(ক) শ্রমের মর্যাদা

(খ) কম্পিউটার ও আধুনিক জীবন

(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ ও তার প্রতিকার।

https://teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৩০ মিনিট　　　　পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. শিক্ষক বললেন, 'তোমরা কি ছুটি চাও?' এর পরোক্ষ উক্তি কোনটি?
ⓚ আমাদের ছুটি চাই কিনা, শিক্ষক তা জিজ্ঞাসা করলেন
ⓛ আমরা ছুটি চাই কি-না, শিক্ষক তা জিজ্ঞাসা করলেন
ⓜ আমরা যে ছুটি চাই শিক্ষক তা জিজ্ঞাসা করলেন
ⓝ আমাদের ছুটির দরকার কি-না- শিক্ষক তা জিজ্ঞাসা করলেন

২. 'তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি পাকে নি' উদাহরণটি কোন বাক্যের?
ⓚ সরল বাক্য　ⓛ যৌগিক বাক্য
ⓜ জটিল বাক্য　ⓝ মিশ্রবাক্য

৩. কোনটি অপিনিহিতির উদাহরণ?
ⓚ টপাটপ　ⓛ বিলিতি
ⓜ রাইখ্যা　ⓝ দিশি

৪. কোন গুচ্ছের সবগুলো ধাতু অসম্পূর্ণ ধাতু?
ⓚ √আ, √বট্, √শিখ্, √যা
ⓛ √আছ্, √তা, √শিক, √যা
ⓜ √থাক, √বট, √আ, √শিখ
ⓝ √আ, √আছ, √থাক, √বট

৫. বাংলা ভাষায় প্রচলিত বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে কী বলে?
ⓚ অপিনিহিতি　ⓛ রূঢ়ি শব্দ
ⓜ তৎসম শব্দ　ⓝ পারিভাষিক শব্দ

৬. 'কমলাক্ষ' এর সঠিক ব্যাসবাক্য হলো-
ⓚ কমল অক্ষির ন্যায়
ⓛ কমল অক্ষের ন্যায়
ⓜ কমলের ন্যায় অক্ষি যার
ⓝ কমলের ন্যায় অক্ষ যার

৭. 'লাখেরাজ' শব্দটির 'লা' উপসর্গটি কী অর্থ প্রকাশ করছে?
ⓚ না　ⓛ বিশেষ
ⓜ সাধারণ　ⓝ আধা

৮. বাক্যে বহুপদময় বিশেষণ কোথায় বসে?
ⓚ বিশেষ্যের পূর্বে　ⓛ সর্বনামের পূর্বে
ⓜ বাক্যের প্রথমে　ⓝ বাক্যের শেষে

৯. 'হরণ' এর প্রতিশব্দ কোনটি?
ⓚ পুরাতন　ⓛ পূরণ
ⓜ আপন　ⓝ বর্জন

১০. 'ব্রাহ্মণ' শব্দের যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত?
ⓚ হ্ + ন　ⓛ ক্ + ম
ⓜ হ্ + ম　ⓝ ক্ + ষ

১১. নৈপুণ্য বোঝাতে ইয়া/এ প্রত্যয়ের উদাহরণ কোনটি?
ⓚ লুটে　ⓛ জেলে
ⓜ বেলে　ⓝ খুনে

১২. যে শুনেই মনে রাখতে পারে' তাকে এককথায় কী বলে?
ⓚ শ্রুতিধর
ⓛ মনোযোগী
ⓜ মেধাবী
ⓝ স্মৃতিমান

১৩. জিজ্ঞাসিব জনে জনে'- জনে জনে কোন অর্থে কর্মে সপ্তমী বিভক্তি?
ⓚ ব্যতিহার অর্থে　ⓛ অনুকার অর্থে
ⓜ বীপ্সা অর্থে　ⓝ সাধারণ অর্থে

১৪. কোন বাক্যে 'পাকা' দক্ষ অর্থে ব্যবহৃত হয়েছে?
ⓚ পাকা কথা চাই
ⓛ পাকা দরখাস্ত করে এসেছি
ⓜ এ হচ্ছে পাকা রাঁধুনির রান্না
ⓝ ইঁচড়ে পাকা ছেলেদের কথা অসহ্য

Teachingbd24.com

১৫. কোন বানানটি শুদ্ধ?
ⓚ পোশাক ⓚ মাস্টার
ⓖ জিনিস ⓖ পোস্ট অফিস

১৬. 'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন' এখানে কিংবা অব্যয়টি কোন অব্যয়?
ক) অনুকার অব্যয় খ) বিয়োজক অব্যয়
গ) সমুচ্চয়ী অব্যয় ঘ) সংযোজক অব্যয়

১৭. বিশেষ নিয়মে সাধিত বহুবচনের উদাহরণ কোনটি?
ক) এটাই করিমদের বাড়ি
খ) বাগানে ফুল ফুটেছে
গ) বাজারে লোক জমেছে
ঘ) বহু মেহমান বাড়িতে এসেছে

১৮. 'পাতিসনে শিলাতলে পদ্ম পাতা' বাক্যটিতে কী অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?
ক) আদেশ খ) অনুরোধ
গ) উপদেশ ঘ) অভিশাপ

১৯. কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?
ক) পাবক খ) ষোড়শ
গ) সুবন্ত ঘ) তন্বী

২০. 'তামার বিষ' বাগধারার অর্থ কী?
ক) অপচয় খ) অর্থের কুপ্রভাব
গ) ক্ষণস্থায়ী ঘ) কৃপণের কড়ি

২১. 'সীমার মাঝে অসীম তুমি' বাক্যে অনুসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) ব্যাপ্তি অর্থে খ) মধ্যে অর্থে
গ) ঐকদেশিক অর্থে ঘ) ক্ষণকাল অর্থে

২২. কোন বাচ্যের ক্রিয়া সর্বদাই নামপুরুষের হয়?
ক) কর্তৃবাচ্যের
খ) কর্মবাচ্যের
গ) ভাববাচ্যের
ঘ) কর্মকর্তৃবাচ্যের

২৩. অর্থানুসারে 'দৌহিত্র' কোন শ্রেণির শব্দ?
ক) রূঢ়ি শব্দ খ) যোগরূঢ় শব্দ
গ) দেশি শব্দ ঘ) যৌগিক শব্দ

২৪. 'সপ্তাহ' কোন ধরনের শব্দ?
ক) অঙ্কবাচক খ) তারিখবাচক
গ) পূরণবাচক ঘ) পরিমাণ বাচক

২৫. 'তোমাকে দেখে প্রীত হলাম' কোন ক্রিয়ার উদাহরণ?
ক) যৌগিক খ) প্রযোজক
গ) মিশ্র ঘ) অনুক্ত

২৬. রূপতত্ত্বের আলোচ্য বিষয় নয় কোনটি?
ক) সন্ধি খ) প্রত্যয়
গ) সমাস ঘ) কারক

২৭. 'সুত' কোন শব্দটির প্রতিশব্দ নয়?
ক) তনয় খ) নন্দন
গ) পুত্র ঘ) সমুদ্র

২৮. 'এক্ষণে জানিলাম, কুসুমে কীট আছে' এটি-
ক) নিত্যবৃত্ত অতীত খ) সাধারণ অতীত
গ) পুরাঘটিত বর্তমান ঘ) সাধারণ বর্তমান

২৯. বাক্যে কোন যতিচিহ্নের প্রয়োগে থামার প্রয়োজন নেই?
ক) কমা
খ) উদ্ধরণ চিহ্ন
গ) কোলন
ঘ) হাইফেন

৩০. 'পাপের ধন প্রায়শ্চিত্তে যায়' প্রবাদটি অর্থ কী?
ক) বোঝার ওপর শাকের আঁটি
খ) নাচতে না জানলে উঠান বাঁকা
গ) যে দামে কেনা সেই দামে বিক্রি
ঘ) যম, জামাই, ভাগনা, এই তিন নয় আপনা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ |

https://teachingbd24.com